

- ১। ছিলাম অন্ধকারে পড়ে, টেনে তুললে হাত ধরে, দয়াময়
হায়রে, তোমার মতন, অধম তারণ কয়জন আছে এ ধরায় ॥
- ২। নৌকা নাই যে নদীর জলে, দাঁড়াই যদি গোপাল বলে
পারের আশায় ।
শুনে নামের ধ্বনি কুস্তীরিণা পিঠ, দিয়ে পার করে দেয় ॥
- ৩। গহন বনে বাঘকে দেখে, গোপাল বলে যে কেউ ডাকে,
প্রাণের ভয় ।
বাঘে হিংসা ভুলে, কাছে বসে, (তোমার) দয়াল নামটি
শুন্তে চায় ॥
- ৪। তোমার দয়া হেলা করে, গেলাম ছুটে বারে বারে,
কু-আশায় ।
তবু ভালবেসে, দয়া করে, দিলে আমায় পদাশ্রয় ॥
- ৫। যে ভাবে রাখ না কেন, তোমাকে ভুলি না যেন,
হে প্রেমময় ।
যেন বাবা বলে অধম জগা, তোমার চরণ তলে পড়ে রয় ॥
---জগবন্ধু মিশ্র



৩১ নং

তাল--একতালা

হরিনামের ডঙ্কা বাজাইল, আমার গোপালচাঁদ গোঁসাই ।
গোঁসাই বাজাইল নামের ডঙ্কা দূরে গেল শমন শঙ্কা,
জীবের আর ভাবনা নাই ॥